দৈনিক সংবাদ

তারিখ 08 MAY 1987

পৃষ্ঠা ... ৫ ... কলাম ৫ ...

২৪শে বৈশাখ, ১৩৯৪

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো ঢাকা
ডকুমেন্টেশন কেন্দ্র

17

# কুদরত-ই-খুদার রচনা প্রকাশ করা হবে

**--শিক্ষামন্ত্রী**

শিক্ষামন্ত্রী মাহবুবুর রহমান বলেছেন, সম্প্রতি গঠিত শিক্ষা কমিশন কুদরত-ই-খুদা শিক্ষা কমিশনসহ পূর্ববর্তী কমিশন ও কমিটিগুলোর রিপোর্টসমূহ পরীক্ষা ও মূল্যায়ন করে দেখবে। এসব রিপোর্টের কতখানি বর্তমান পরিস্থিতিতে বাস্তবায়নের জন্য গ্রহণ করা যেতে পারে, কমিশন সে সম্পর্কে সুপারিশ করবে।

শিক্ষামন্ত্রী গতকাল বৃহস্পতিবার ঢাকায় প্রখ্যাত বিজ্ঞানী ও শিক্ষাবিদ মরহুম ডঃ মোহাম্মদ কুদরত-ই-খুদার ৮৭তম জন্মবার্ষিকী উপলক্ষে এক সভায় প্রধান অতিথির ভাষণ দিচ্ছিলেন। আজ শুক্রবার তাঁর জন্মবার্ষিকী। কুদরত-ই-খুদা ফাউণ্ডেশন, বিজ্ঞান চর্চা ও সুবিচার সংঘ যৌথভাবে এ সভার আয়োজন করেছিল।

শিক্ষামন্ত্রী ডঃ কুদরত-ই-খুদার পরিণত বয়সে রচিত পাণ্ডুলিপি প্রকাশনার আশ্বাস দেন। তিনি বলেন যে, সরকার ডঃ খুদার প্রকাশিত ও অপ্রকাশিত নিবন্ধগুলো সংকলন ও প্রকাশ করবে।

মন্ত্রী আরো জানান যে, তিনি দেশের যেকোন বিশ্ববিদ্যালয়ের একটি ছাত্রাবাস কুদরত-ই-খুদার নামানুসারে নামকরণ করার জন্য বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনকে অনুরোধ করবেন।